সংবাদ

তারিখ ... 26 NOV 2013 ...
পৃষ্ঠা ১৬ কলাম ২

সমাপনী পরীক্ষা

প্রশ্নপত্র ফাঁসে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

নিজস্ব বার্তা পরিবেশক

পঞ্চম শ্রেণীর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্ন ফাঁসের সঙ্গে যেই জড়িত থাকুক না কেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। সরকারি কর্মকর্তা হউক আর কোচিং ব্যবসায়ী হোক অথবা প্রশ্ন প্রণয়ন বা মুদ্রণের কর্মকর্তা হউক তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নিতে প্রস্তুত প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রণালয়।

গতকাল গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রশ্নপত্র : পৃষ্ঠা ২ ক

প্রশ্নপত্র : ফাঁসে

(১৬ পৃষ্ঠার পর)

আয়োজিত এক সংবাদ সম্মেলনে নির্বাচনকালীন সরকারের শিক্ষা প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ হুঁশিয়ারি দেন।

মন্ত্রী আরও বলেন, এ বিষয়ে করা তদন্ত কমিটির ভিত্তিতে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। ভবিষ্যতে যাতে এ ধরনের আর ঘটনা না ঘটে, সে জন্য প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেয়া হবে।

তিনি বলেন, আমাদের কাছে তথ্য এসেছে, হয়তো খুব সীমিত জায়গায় এ প্রশ্ন ফাঁস হয়েছে। তবে যেখানেই হোক না কেন, সেটা খুঁজে বের করা হবে। পরিস্থিতি বিবেচনা করে পরীক্ষার্থীদের লাভ ক্ষতি যাচাই করে পরীক্ষা নেয়ার সিদ্ধান্তও হতে পারে।

এ ঘটনায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলামকে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দিতে নির্দেশ দেয়া হয়েছে। কমিটি ইতোমধ্যে কাজ শুরু করে দিয়েছে।